৬ জনকে অভিযুক্ত করে বড়লেখা উপজেলা ছাত্রলীগ কর্মী হত্যা মামলার চার্জশীট

আদালত প্রতিবেদকঃ বড়লেখা উপজেলার শাহবাজপুর ইউনিয়ন ছাত্রলীগ কর্মী তানিম আহমদ হত্যা মামলার চুড়ান্ত প্রতিবেদন (চার্জশীট) দাখিল করেছে পুলিশ। আজ মামলার তদন্তকারী কর্মকর্তা,বড়লেখা থানার সাব ইন্সপেক্টর (এস.আই) মোঃফরিদ উদ্দিন ৬ জনকে অভিযুক্ত করে মৌলভীবাজার জেলা জজ আদালতে এ প্রতিবেদন দাখিল করেছেন।

প্রতিবেদন দাখিলকারী কর্মকর্তা ও আদালত সূত্রে জানা যায়,অভিযুক্ত ৬ আসামী হচ্ছেন শাহবাজপুর ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক জাবের আহমদ,বড়লেখা ডিগ্রী কলেজ ছাত্রদল কর্মী তারেক আহমদ,সেলিম উদ্দিন,আবু তাহের,ফরিদ আহমদ ও জালাল আহমদ।

মামলার তদন্তকারী কর্মকর্তা জানান,পুলিশ নিরপেক্ষভাবে,প্রচুর সময় নিয়ে এ মামলার তদন্ত করেছে। পুলিশের তদন্তে হত্যাকান্ডের এ ঘটনায় ৬ জনের সম্পৃক্ততা পাওয়া গেছে। তাদেরকে অভিযুক্ত করে আদালতে চার্জশীট দাখিল করা হয়েছে। আদালত চার্জশীট আমলে নিয়েছেন।

অভিযুক্ত ৬ জনই বড়লেখা উপজেলার শাহবাজপুর ইউনিয়নের বোয়ালি গ্রামের বাসিন্দা। বর্তমানে তারা পলাতক।

উল্লেখ্য,চলতি বছরের ১২ জানুয়ারী বড়লেখার শাহবাজপুর ইউনিয়নের বোয়ালি গ্রামে প্রেম সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে কয়েকজন যুবকের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সংঘর্ষে তানিম আহমদ নামে উপজেলা ছাত্রলীগের এক কর্মী নিহত হয়। এ ঘটনায় নিহতের ভাই বাবুল আহমদ বাদী দিয়ে ১১ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন। তখন মামলাটির তদন্তের দায়িত্ব প্রাপ্ত হন বড়লেখা থানার এস.আই ফরিদ উদ্দিন। দীর্ঘ তদন্ত শেষে ৬ জনকে অভিযুক্ত করে আদালতে আলোচিত এ মামলার চার্জশীট দাখিল করা হলো।